

## সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



এস. এম. গোলাম ফারুক

জনাব এস.এম. গোলাম ফারুক ১৯৬০ সালের ১ জুন শরীয়তপুর জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ হতে ১৯৮১ ও ১৯৮২ সালে যথাক্রমে বি.এস.এস (অনার্স) ও এম.এস.এস ডিগ্রী অর্জন করেন। জনাব ফারুক ১৯৮৩ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন।

চাকুরীতে যোগদানের পর থেকে তিনি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান হতে পেশাগত প্রশিক্ষণ লাভ করেন। গৃহীত প্রশিক্ষণের মধ্যে উল্লেখযোগ্য হলো- সিভিল অফিসার্স ট্রেনিং একাডেমীর অধীন আইন ও প্রশাসন কোর্স, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অধীন বুনিয়াদি প্রশিক্ষণ, উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স, সিনিয়র স্টাফ কোর্স এবং সিভিল সার্ভিস কলেজ সিংগাপুরের অধীন ম্যানেজিং এন্ড দ্য টপ (ম্যাট) কোর্স। এছাড়াও তিনি যুক্তরাজ্যের ব্রাডফোর্ড ইউনিভার্সিটি, ওয়ার্ল্ড ব্যাংক ইনস্টিটিউট, চীনের ন্যাশনাল স্কুল অব এ্যাডমিনিস্ট্রেশন, যুক্তরাষ্ট্রের হার্ভার্ড ইউনিভার্সিটির বিভিন্ন কোর্সে সফলতার সাথে অংশগ্রহণ করেন।

কর্মজীবনে মাঠ প্রশাসনসহ সরকারের বিভিন্ন পর্যায়ে জনাব ফারুক দায়িত্ব পালন করেন। গত ১৬ এপ্রিল, ২০১৮ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব হিসেবে তিনি যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি পরিকল্পনা কমিশনের সদস্য (সরকারের সচিব) হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে তিনি শিক্ষা মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি যুগ্মসচিব হিসেবে শিল্প ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। এছাড়া, প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিচালকসহ সিনিয়র সহকারী সচিব হিসেবে প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং মাঠ প্রশাসনে অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ম্যাজিস্ট্রেট হিসেবে তিনি দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি কাজে বিভিন্ন সময়ে ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, ভিয়েতনাম, কম্বোডিয়া, সিংগাপুর, চীন, দক্ষিণ কোরিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সুইডেন, নিউজিল্যান্ড, কানাডা, সৌদিআরব, জাপান ও থাইল্যান্ড সফর করেছেন।

ব্যক্তিগত জীবনে জনাব এস.এম. গোলাম ফারুক বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক।